# ক্ষমতায় এলে জুলাই শহীদ ও আহতদের দায়িত্ব নেবে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়




সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, দল ক্ষমতায় এলে জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের জন্য মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ের অধীনে একটি পৃথক বিভাগ গঠন করা হবে, যা তাদের চিকিৎসা, পুনর্বাসন ও আর্থিক নিরাপত্তার দায়িত্ব নেবে।

রোববার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে ভুক্তভোগী পরিবারের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি বলেন, বিএনপি অতীতে রাষ্ট্র পরিচালনার সময় মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় প্রতিষ্ঠা করে ১৯৭১ সালের শহীদ ও আহতদের কল্যাণ নিশ্চিত করেছে। একইভাবে জুলাইয়ের যোদ্ধাদেরও রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হবে।

তারেক রহমান বলেন, জুলাইয়ের আন্দোলন কোনো ব্যক্তি বা দলের নয়, এটি ছিল অধিকারবঞ্চিত মানুষের গণআন্দোলন। তাঁর ভাষায়, ১৯৭১ সালে স্বাধীনতা অর্জিত হয়েছে, আর ২০২৪ সালের জুলাইয়ে সেই স্বাধীনতা রক্ষা করা হয়েছে।

তিনি আরও জানান, আহতদের সম্পূর্ণ চিকিৎসা ব্যয় রাষ্ট্র বহন করবে এবং যোগ্যতার ভিত্তিতে কর্মসংস্থান ও আর্থিক সহায়তা দেওয়া হবে।

এ সময় তিনি গত দেড় দশকে গণতন্ত্রবিরোধী দমন–পীড়নের প্রসঙ্গ টেনে বলেন, অসংখ্য মানুষ গুম, খুন ও নির্যাতনের শিকার হয়েছেন। শুধু জুলাই অভ্যুত্থানেই বিপুলসংখ্যক মানুষ প্রাণ হারিয়েছেন ও আহত হয়েছেন, যা ইতিহাসে একটি ভয়াবহ অধ্যায় হয়ে থাকবে।

LENS ASIA